নবজাতকের সতর্কতা সংকেত

911

911-এ কল করুন
যদি আপনার শিশু:

- শ্বাসপ্রশ্বাস না নেয়
- সাড়া না দেয়
- খিঁচুনিতে আক্রান্ত হয়

আপনার সহজাত অনুভূতির উপর ভরসা রাখুন

এমার্জেন্সি রুম বা আরজেন্ট কেয়ারে যান
যদি আপনার শিশুর:

- শ্বাস নিতে কষ্ট হয়
- গায়ের রং হঠাৎ বদলায়
- সবুজ বমি হয়

আপনার নবজাতকের স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন যদি আপনার শিশুর:

- তাপমাত্রা 97.7°F (36.5°C)-এর কম বা 100.4°F (38 °C)-এর বেশি হয়
- খাওয়া একদম কমে যায়
- ভেজা বা শুকনো ডায়াপারে পরিবর্তন হয়
- রোগ বা সংক্রমণের লক্ষণ দেখা যায়
- চোখ বা ত্বক হলদেটে দেখায়
- কান্নাকাটি স্বাভাবিকের তুলনায় বেশি মনে হয়

চিকিৎসা সেবা না দিলে নবজাতকের এইসব সতর্কতা সংকেত জীবন-সংশয়কারী হতে পারে।

- **যদি আপনার শিশু শ্বাসপ্রশ্বাস না নেয়,** অবিলম্বে CPR শুরু করুন।
- **অসাড় শিশু** কাপড়ের পুতুলের মতো থলথলে বা নিস্তেজ হয়ে যায়, সে জেগে উঠতে পারে না।
- **খিঁচুনি** হল অস্বাভাবিক রকমের কাঁপুনি যা থামানো যায় না।
- **আপনার শিশুর হয়ত শ্বাসকষ্ট হচ্ছে, যদি দেখেন যে:**
  - তার শ্বাসপ্রশ্বাস মাঝেমাঝে থেমে যাচ্ছে যা আপনাকে চিন্তায় ফেলছে
  - খুব দ্রুত শ্বাসপ্রশ্বাস নিচ্ছে (প্রতি মিনিটে 60 বারের বেশি শ্বাসপ্রশ্বাস)
  - শ্বাস নিতে গিয়ে (শোঁ শোঁ বা বাঁশির মতো) শব্দ করছে
  - প্রত্যেকবার শ্বাসপ্রশ্বাসের সময় তার পাঁজরের নিচে বা মাঝখানে এবং/অথবা গলা চুপসে যাচ্ছে
- **গায়ের রং-এ হঠাৎ পরিবর্তন** মানে আপনার সন্তানের, বিশেষ করে মুখ/ঠোঁট/জিভের চারপাশ নীলচে, ধূসর, বা বিবর্ণ হয়ে যাওয়া।
- **সবুজ বমি হওয়া** সার্জিকাল এমার্জেন্সির লক্ষণ হতে পারে।

স্বাস্থ্যসেবা প্রদানকারীর নাম/নম্বর:

_____

নিকটতম পেডিয়াট্রিক হাসপাতাল:

_____

- **আপনার সন্তানের তাপমাত্রা যদি কম বা বেশি হয়,** কী করণীয় সেটা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে বলবেন।
- **আপনার শিশু ভালো করে না খেলে তার লক্ষণগুলির মধ্যে থাকবে:**
  - অস্বাভাবিক বমি করা
  - 24 ঘন্টায় 8 বারের কম খাওয়া
  - খাওয়ানোর জন্য নিয়মিত ঘুম থেকে তোলা
  - বার বার খাওয়াতে গেলে খেতে না চাওয়া
  - ভালো করে চুষতে বা গিলতে না পারা
  - অল্পক্ষণের জন্য খাওয়া বা বোতল থেকে স্বাভাবিকের তুলনায় কম খাওয়া
- **ভেজা বা ময়লা ডায়াপারে পরিবর্তন মানে:**
  - দিনপ্রতি ভেজা ডায়াপারের সংখ্যা হ্রাস পাওয়া
  - পেট স্বাভাবিকের তুলনায় বেশি গোল ও শক্ত লাগা
  - ডায়াপারে রক্ত লেগে থাকা
- **রোগ বা সংক্রমণের লক্ষণের** মধ্যে নাভিতে লালভাব বা তরল চুইয়ে পড়া, নাভিস্থলির ক্ষতস্থান থেকে রক্তপাত বা তরল চুইয়ে পড়া, কাশি, নাক বন্ধ হয়ে যাওয়া বা জল পড়া থাকতে পারে।
- **চোখ বা ত্বক হলদেটে হয়ে** যাওয়া জন্ডিসের লক্ষণ যা স্বাস্থ্যসেবা প্রদানকারীকে দিয়ে পরীক্ষা করাতে হবে।
- **স্বাভাবিকের তুলনায় বেশি** কান্নাকাটি করা মানে আপনার শিশু অতিরিক্ত ঘ্যানঘ্যান করছে এবং তাকে শান্ত করা যাচ্ছে না।

প্রতিটি শিশু আলাদা। আপনার শিশুর ব্যাপারে আপনার জানা-বোঝায় আস্থা রাখুন এবং যদি কোনো লক্ষণ চিন্তাজনক মনে হয় তাহলে আপনার শিশুর সেবা প্রদানকারীকে কল করুন।

AWHONN
PROMOTING THE HEALTH OF WOMEN AND NEWBORNS

এই প্রোগ্রামটি মার্ক ফর মাদার্স-এর অর্থায়নে পরিচালিত, যা মার্ক-এর একটি বৈশ্বিক উদ্যোগ, যারা এমন একটি বিশ্ব গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে, যেখানে সন্তান জন্ম দিতে গিয়ে কোনো নারীর মৃত্যু না হয়। Merck for Mothers মার্কিন যুক্তরাষ্ট্র এবং কানাডার বাইরে MSD for Mothers নামে পরিচিত।

©2026 অ্যাসোসিয়েশন অফ উইমেন্স হেল্থ, অবস্টেট্রিক অ্যান্ড নিওনেটাল নার্সেস (Association of Women's Health, Obstetric and Neonatal Nurses)। সর্বস্বত্ব সংরক্ষিত। শুধুমাত্র রোগীর শিক্ষার জন্য সীমাহীন কপি প্রিন্ট করার অনুমতি প্রদত্ত। পুনরুৎপাদন করা অন্য সব অনুরোধের জন্য, অনুগ্রহ করে permissions@awhonn.org এ যোগাযোগ করুন।